



বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

ঈদুল ফিতর ও বাংলা নববর্ষের শুভেচ্ছাপত্র

মুসলমানদের সবচেয়ে বড় এবং জাঁকজমকপূর্ণ ধর্মীয় উৎসব ঈদুল ফিতর এবং ধর্মবর্ণ নির্বিশেষে বাঙালির প্রাণের উৎসব বাংলা নববর্ষ এবার এসেছে প্রায় একসাথে। তাই এবার উৎসবের মিলিত আনন্দ হবে দ্বিগুণ। আত্মগুন্ডির মাধ্যমে মহান আল্লাহর ক্ষমা ও অনুগ্রহ লাভের আশায় ধর্মপ্রাণ মুসলমানরা মাসব্যাপী সিয়াম সাধনার পর ঈদের আনন্দে অংশগ্রহণ করেন। যথাযথ উৎসাহ, আনন্দ ও উদ্দীপনার মধ্যদিয়ে সারাদেশে মুসলমানরা তাঁদের বৃহত্তম ধর্মীয় উৎসব ঈদ-উল-ফিতর উদযাপন করবেন। সাথে সাথে উপলব্ধি করবেন ইসলামের মর্মার্থ ও অন্তর্নিহিত তাৎপর্য। ঈদ শান্তি, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধের অনুপম শিক্ষা দেয়। হিংসা-বিদ্বেষ ও হানাহানি ভুলে মানুষ সাম্য, মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হয়। ঈদ ধনী-গরিব নির্বিশেষে সকলের জীবনে আনন্দের বার্তা বয়ে নিয়ে আসে। ঈদের আনন্দ আমাদের সবার। বিশ্ব ভরে উঠুক শান্তি আর সৌহার্দে পবিত্র ঈদ-উল-ফিতরে এটাই আমাদের প্রত্যাশা। মাহে রমজান আমাদের জীবনে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতার যে শিক্ষা দেয় তা কর্মজীবনে প্রয়োগ করতে সক্ষম হলে আমরা নিজ কর্মও সফলভাবে সম্পাদন করতে পারবো।

অপরদিকে পহেলা বৈশাখ বাংলাদেশের এবং সমগ্র পৃথিবীর বাঙালির প্রাণের উৎসব। ইউনেস্কো কর্তৃক পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। বৈশাখের সম্মিলন আমাদের শেখায় সকল অপশক্তির বিরুদ্ধে সোচ্চার হতে, ঐতিহ্যকে লালন করতে, অসাম্প্রদায়িকতাকে দূরে ঠেলে আধুনিক, আত্মমর্যাদাশীল একটি দেশ গড়তে।

আমাদের সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নের সফল কারিগর জাতির পিতা বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমাদের দেশও সে শুভ কল্যাণের অংশীদার হয়ে স্মার্ট বাংলাদেশ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নে এগিয়ে যাবে। ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমাজ, সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা প্রদান তথা সুখী সমৃদ্ধ সোনার বাংলাদেশ বিনির্মাণে ১৪৩১ এর পহেলা বৈশাখ হবে আমাদের সম্মুখবর্তী হওয়ার জন্য আরও প্রেরণাদায়ী।

রবীন্দ্রনাথ ঠাকুর নববর্ষে উদাত্ত আহ্বান জানিয়েছেন ফেলে আসা গ্লানি, দুঃখ, জরাকে পিছে ফেলে শুচিশুদ্ধ পৃথিবীতে নতুন বছরকে বরণ করে নেয়ার জন্য। কবির অমিয় বাণীর সূত্র ধরে এ প্রত্যাশায়ই বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বাউবির প্রীতিভাজন শিক্ষকমণ্ডলী, পরিচালনা পর্ষদের সম্মানীয় সদস্যগণ, কর্মকর্তাগণ, কর্মচারীবৃন্দ, সুহৃদ সমন্বয়কারীগণ, টিউটর, সম্মানিত অভিভাবক, প্রাণপ্রিয় শিক্ষার্থীবৃন্দসহ ঈদুল ফিতর এবং বাংলা নববর্ষের আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অধ্যাপক সৈয়দ হুমায়ুন আখতার পিএইচডি
উপাচার্য
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়